# Levonal

## Levofloxacin

### COMPOSITION
Levonal 500 Tablet: Each film coated tablet contains Levofloxacin 500 mg as Levofloxacin Hemihydrate USP.

### PHARMACOLOGY
Levonal (Levofloxacin) is a synthetic, broad-spectrum, third generation fluoroquinolone derivative antibacterial agent for oral administration. Chemically, Levofloxacin is a chiral fluorinated carboxyquinolone which is the pure (-) enantiomer of the racemic drug, ofloxacin.

### INDICATIONS
Levonal (Levofloxacin) is indicated for the treatment of mild to moderate, and severe infections caused by susceptible strains of the designated microorganism in the conditions listed below:

- Acute maxillary sinusitis due to Streptococcus pneumoniae, Haemophilus influenzae, or Moraxella catarrhalis.
- Acute bacterial exacerbation of chronic bronchitis due to Staphylococcus aureus, Streptococcus pneumoniae, Haemophilus influenzae, Haemophilus parainfluenzae, or Moraxella catarrhalis.
- Community-acquired pneumonia due to Staphylococcus aureus, Streptococcus pneumoniae, Haemophilus influenzae, Haemophilus parainfluenzae, Klebsiella pneumoniae, Moraxella catarrhalis, Chlamydia pneumoniae, Legionella pneumophila, or Mycoplasma pneumoniae.
- Uncomplicated & complicated skin and skin structure infections (mild to moderate) including abscesses, cellulitis, furuncles, impetigo, pyoderma, wound infections, due to Staphylococcus aureus, or Streptococcus pyogenes, Proteus mirabilis, Enterococcus faecalis.
- Complicated urinary tract infections (mild to moderate) due to Escherichia coli, Klebsiella pneumoniae, Staphylococcus saprophyticus.
- Acute pyelonephritis (mild to moderate) caused by Escherichia coli.
- Enteric fever caused by Salmonella typhi & Salmonella paratyphi.

### DOSAGE & ADMINISTRATION
- Acute Sinusitis, 500 mg once daily for 10-14 days
- Exacerbation of chronic bronchitis, 250-500 mg once daily for 7 days
- Community-acquired pneumonia, 500 mg once daily for 7-14 days
- Community-acquired pneumonia, 750 mg once daily for 5 days
- Nosocomial Pneumonia, 750 mg once daily for 7-14 days
- Complicated urinary-tract infections and acute pyelonephritis, 250 mg daily for 7-10 days
- Uncomplicated UTI, 250 mg once daily for 3 days
- Acute pyelonephritis, 250 mg once daily for 10 days
- Chronic bacterial prostatitis, 500 mg once daily for 28 days
- Uncomplicated skin and soft-tissue infections, 500 mg once daily for 7-10 days
- Complicated skin and soft-tissue infections, 750 mg once daily for 7-10 days

### CONTRAINDICATION
Levofloxacin is contraindicated in patients with a history of hypersensitivity to Levofloxacin, quinolone antimicrobial agents, or any other components of this product.

### PRECAUTION
While taking levofloxacin, adequate amount of water should be drunk to avoid concentrated form of urine. Dose adjustment should be exercised during Levofloxacin ingestion in presence of renal insufficiency.

### SIDE EFFECT
Levofloxacin is generally well tolerated. However, a few side effects can usually be seen. Side effects include: nausea, vomiting, diarrhea, abdominal pain, flatulence and rare occurrence of phototoxicity (0.1%). Side effects that may be seen very rarely include tremors, depression, anxiety, confusion, etc.

### USE IN PREGNANCY & LACTATION
Levofloxacin is not recommended for use during pregnancy or nursing, as the effects on the unborn child or nursing infant are unknown.

### DRUG INTERACTION
Antacids, iron, adsorbents and multivitamin preparations with zinc reduce absorption of Levofloxacin.

### OVERDOSAGE
In the events of an acute over dosage, the stomach should be emptied. The patients should be kept under observation and appropriate hydration should be maintained.

### STORAGE
Do not store above 30°C, protect from light & moisture. Keep out of the reach of children.

### PACKAGING
**Levonal** 500 Tablet : Each box contains 3×10 tablets in blister pack.

Manufactured by
**National Drug Co. Ltd.**
Bangalpara, Dhamrai, Dhaka.

# লিভোনাল

## লিভোফ্লক্সাসিন

### উপাদান
**লিভোনাল** ৫০০ ট্যাবলেটঃ প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে লিভোফ্লক্সাসিন ৫০০ মি.গ্রা. লিভোফ্লক্সাসিন হেমিহাইড্রেট ইউএসপি হিসাবে ।

### ফার্মাকোলজি
**লিভোনাল** (লিভোফ্লক্সাসিন) একটি কৃত্রিম বিস্তৃত বর্ণালীর তৃতীয় প্রজন্মের ফ্লুরোকুইনোলোন শ্রেণীর ব্যাকটেরিয়া রোধী ওষুধ যা মুখে সেবন করা যায়। রাসায়নিকভাবে লিভোফ্লক্সাসিন একটি কাইরাল ফ্লুরিনেটেড কার্বোক্সিকুইনোলোন যা ওফ্লক্সাসিনের রেসিমিক মিশ্রণের বিশুদ্ধ (-) এনানসিওমার ।

### নির্দেশনা
**লিভোনাল** (লিভোফ্লক্সাসিন) নিম্নলিখিত সংবেদনশীল জীবাণু দ্বারা ঘটিত মৃদু, মধ্যম থেকে তীব্র সংক্রমণে ব্যবহার করা যায়-

- স্ট্রেপটোকক্কাস নিউমোনি, হিমোফিলাস ইনফ্লুয়েনজি অথবা মোরাক্সিলা ক্যাটারালিস প্রভৃতি দ্বারা ঘটিত তীব্র ম্যাক্সিলারি সাইনাসের প্রদাহ ।
- স্টেফাইলোকক্কাস অরিয়াস, স্ট্রেপটোকক্কাস নিউমোনি, হিমোফিলাস ইনফ্লুয়েনজি, হিমোফিলাস প্যারাইনফ্লুয়েনজি অথবা মোরাক্সিলা ক্যাটারালিস দ্বারা ঘটিত দীর্ঘদিনের ব্রংকাইটিসের হঠাৎ বৃদ্ধি ।
- স্টেফাইলোকক্কাস অরিয়াস, স্ট্রেপটোকক্কাস নিউমোনি, হিমোফিলাস ইনফ্লুয়েনজি, হিমোফিলাস প্যারাইনফ্লুয়েনজি, ক্লেবসিয়েলা নিউমোনি,মোরাক্সিলা ক্যাটারালিস, ক্লেমাইডিয়া নিউমোনি, লেজিওনেলা নিউমোফিলা অথবা মাইকোপ্লাজমা নিউমোনি দ্বারা ঘটিত কমিউনিটি এ্যাকুয়ার্ড নিউমোনিয়া ।
- স্টেফাইলোকক্কাস অরিয়াস, স্ট্রেপটোকক্কাস পায়োজেনস, প্রোটিয়াস মিরাবিলিস অথবা এন্টারোকক্কাস ফেকালিস দ্বারা ঘটিত ত্বক ও ত্বকের অজটিল এবং জটিল সংক্রমণ যথা স্ফোটক, কৌষিকঝিল্লির প্রদাহ, ফোঁড়া, পীতবর্ণ পীড়কা, পূজকারক, চর্ম রোগ, ক্ষত ইত্যাদি ।
- ই. কোলাই, ক্লেবসিয়েলা নিউমোনি অথবা স্টেফাইলোকক্কাস সেপ্রোফাইটিকাস দ্বারা ঘটিত মুত্রনালীর জটিল সংক্রমণ ।
- ই. কোলাই ঘটিত বৃক্কের তীব্র প্রদাহ ।
- সালমোনেলা টাইফি এবং সালমোনেলা প্যারাটাইফি দ্বারা গঠিত টাইফয়েড জ্বর ।

### মাত্রা ও সেবনবিধি
- তীব্র ম্যাক্সিলারি সাইনাসের প্রদাহে দৈনিক একবার ৫০০ মি.গ্রা. করে ১০ থেকে ১৪ দিন ।
- পুরনো ব্রংকাইটিসের হঠাৎ বৃদ্ধিতে দৈনিক একবার ২৫০-৫০০ মি.গ্রা. করে ৭ দিন ।
- কমিউনিটি এ্যাকুয়ার্ড নিউমোনিয়াতে দৈনিক একবার ৫০০ মি.গ্রা. করে ৭ থেকে ১৪ দিন ।
- কমিউনিটি এ্যাকুয়ার্ড নিউমোনিয়াতে দৈনিক একবার ৭৫০ মি.গ্রা. করে ৫ দিন ।
- নসকমিয়াল নিউমোনিয়াতে দৈনিক একবার ৭৫০ মি.গ্রা. করে ৭ থেকে ১৪ দিন ।
- মূত্রনালীর জটিল সংক্রমণে দৈনিক ২৫০ মি.গ্রা. করে ৭ থেকে ১০ দিন ।
- মূত্রনালীর অজটিল সংক্রমণে দৈনিক ২৫০ মি.গ্রা. করে ৩ দিন ।
- ব্যাকটেরিয়ার কারণে বৃক্কের তীব্র প্রদাহে দৈনিক ২৫০ মি.গ্রা. করে ১০ দিন ।
- ব্যাকটেরিয়া জনিত প্রস্টেট প্রদাহে দৈনিক ৫০০ মি.গ্রা. করে ২৮ দিন ।
- ত্বক এবং নরম কলার অজটিল সংক্রমণে দৈনিক ৫০০ মি.গ্রা. করে ৭ থেকে ১০ দিন ।
- ত্বক এবং নরম কলার জটিল সংক্রমণে দৈনিক ৭৫০ মি.গ্রা. করে ৭ থেকে ১০ দিন ।

### বিপরীত নির্দেশনা
যে সমস্ত রোগী লিভোফ্লক্সাসিন, ব্যাকটেরিয়া বিরোধী কুইনোলোন এজেন্ট অথবা লিভোফ্লক্সাসিন এর যে কোন উপাদানের প্রতি সংবেদনশীল তাদের ক্ষেত্রে ইহা প্রতিনির্দেশিত ।

### সতর্কতা
লিভোফ্লক্সাসিন সেবনের সময় মূত্রের ঘনত্ব কমানোর জন্য যথেষ্ট পরিমাণে পানি পান করা উচিত ।

বৃক্কের জটিলতা যুক্ত রোগীর ক্ষেত্রে লিভোফ্লক্সাসিনের মাত্রা পুনঃনির্ধারণ করা প্রয়োজন ।

### পার্শ্ব প্রতিক্রিয়া
লিভোফ্লক্সাসিন সাধারণতঃ বেশ সহনীয় । তদুপরি ইহা সেবনের ফলে কিছু পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যেতে পারে । পার্শ্ব প্রতিক্রিয়াগুলোর মধ্যে রয়েছে বমি-বমি ভাব, বমি, ডায়রিয়া, পেটে ব্যথা, পেট ফাঁপা এবং বিরল ক্ষেত্রে আলোক সংবেদনশীলতা (০.১%) । খুবই বিরল কিছু পার্শ্ব প্রতিক্রিয়ার মধ্যে রয়েছে অনিচ্ছাকৃত কম্পন, বিষন্নতা, অস্থিরতা, মানসিক বিভ্রম ইত্যাদি ।

### গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার
গর্ভাবস্থা এবং দুগ্ধদান উভয় অবস্থাতেই লিভোফ্লক্সাসিন নির্দেশিত নয় কেননা গর্ভস্থ সন্তান অথবা দুগ্ধসেব্য নবজাতকের উপর ইহার কার্যকারিতা জানা নাই ।

### অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া
এন্টাসিড, আয়রন, জিংক যুক্ত মাল্টিভিটামিন এবং এডজরবেন্ট লিভোফ্লক্সাসিনের শোষণ কমায় ।

### মাত্রাধিক্যতা
লিভোফ্লক্সাসিনের মাত্রাধিক্যের ক্ষেত্রে পাকস্থলী ধৌত করা উচিত । রোগীকে পর্যবেক্ষণে রাখতে হবে এবং সঠিক হাইড্রেশন নিশ্চিত করা উচিত ।

### সংরক্ষণ
৩০° সেন্টিগ্রেড তাপমাত্রার উপরে সংরক্ষণ থেকে বিরত থাকুন । আলো ও আর্দ্রতা থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন । শিশুদের নাগালের বাইরে রাখুন ।

### প্যাকেজিং
**লিভোনাল** ৫০০ ট্যাবলেটঃ প্রতি বাক্সে আছে ৩X১০ টি ট্যাবলেট ব্লিষ্টার প্যাকে ।

প্রস্তুতকারক
**ন্যাশনাল ড্রাগ কোঃ লিঃ**
বাঙ্গালপাড়া, ধামরাই, ঢাকা ।